

## উপজেলা পরিক্রমা কালিয়াকৈর

॥ প্রমত্ত হোসেন ॥

গাজীপুর জেলার ৫টি উপজেলার অন্যতম সীমান্তবর্তী উপজেলার নাম কালিয়াকৈর। এ উপজেলার আয়তন ১২১ বর্গমাইল। এর লোকসংখ্যা ১,৬৫,৭৬৭ জন। কালিয়াকৈর উপজেলায় ৯টি ইউনিয়ন, ১শ' ৮০টি মৌজা ও ২শ' ৮৯টি গ্রাম রয়েছে। মোট জনসংখ্যার ৮৫,০৩৮ জন পুরুষ, ৮০,৭২৮ জন মহিলা। প্রতি বর্গমাইলে লোকসংখ্যা ১,৩৭৮ জন।  
**শিক্ষা ব্যবস্থা:** গাজীপুর জেলার মধ্যে এ উপজেলায় শিক্ষিতের হার সবচেয়ে বেশী। এখানে ১টি বেসরকারী কলেজ, বেসরকারী উচ্চবিদ্যালয় ১৮টি, বালিকা বিদ্যালয় ২টি, জুনিয়র উচ্চবিদ্যালয় ৩টি, ৮৫টি প্রাথমিক বিদ্যালয়, ১৬টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ৪টি দাখিল মাদ্রাসা। উপজেলায় শিক্ষিতের হার ৩৮ শতাংশ।

**স্বাস্থ্য:** উপজেলার স্বাস্থ্য ব্যবস্থা অনুন্নত। এখানে ১টি থানা স্বাস্থ্য প্রকল্প ছাড়াও ১টি পশুস্বাস্থ্যপাতাল, ১টি ডেন্টাল হাসপাতাল রয়েছে। পানীয় জলের জন্য মোট নলকূপ ১ হাজার ৩শ' ৫০টি, তার মধ্যে ৯০টি অকেজো।

**যোগাযোগ:** এ উপজেলার সাথে পার্শ্ববর্তী উপজেলার যোগাযোগ ব্যবস্থা তেমন উন্নত নয়। এ উপজেলার মোট রাস্তা আছে ৪৯ মাইল। তার মধ্যে পাকা রাস্তা ১৪-২৫ মাইল, আধাপাকা ৯-২৫ মাইল এবং কাঁচা ১৯-৫০ মাইল। যোগাযোগের

জন্য টেলিগ্রাফ অফিস ও টেলিফোন এক্সচেঞ্জ রয়েছে। উল্লেখ, এখানে তালিমাবাদে ১টি ভূ-উপগ্রহ কেন্দ্র আছে।

ডাক ব্যবস্থার জন্য ১টি প্রধান ডাকঘর ও ৯টি শাখা ডাকঘর রয়েছে।

**কৃষি ব্যবস্থা:** এ উপজেলা কৃষিতে বেশ উন্নত। মোট কৃষিযোগ্য জমির পরিমাণ ৩৯,১৮৯ একর। এর মধ্যে ৩ ফসলী জমির পরিমাণই সবচেয়ে বেশী। এর মধ্যে অবশ্য দু'ফসলী ও ১ ফসলী জমিও রয়েছে। সেচ ব্যবস্থার জন্য ২৭৮টি গভীর নলকূপ এবং ২০৬টি অগভীর নলকূপ আছে। এ উপজেলায় তুরাগ নদী ছাড়াও ১০টি বড় বড় বিল আছে।

**শিল্প:** শিল্প ক্ষেত্রে এ উপজেলা ক্রমেই উন্নতির দিকে এগিয়ে চলেছে। এখানে ৪০টি টেক্সটাইল মিল, রোলিং মিল ১টি, ১টি অ্যালুমিনিয়াম মিল, ৮টি তেলের মিল এবং ৭৫টি রাইস মিল রয়েছে। তা ছাড়া উপজেলার সমাজসেবা দপ্তর ৬৪টি গ্রামে মাতৃসদন কেন্দ্র স্থাপন করে মহিলাদের বেকার সমস্যা দূর করেছে। তারা সেখানে বাঁশ বেত দিয়ে ধামা, কাঠা, কুলা তৈরী করা ছাড়া সেলাই মেশিন, উল বুনন, নেটিং ও ক্রসিং প্রভৃতি কুটির শিল্পের জন্য ৬৪টি কেন্দ্র স্থাপন করেছে।

**ধর্ম:** কালিয়াকৈর উপজেলার মোট লোক সংখ্যার মধ্যে ১,৩৩,৩৩৫ জন মুসলমান, ২৮,১২১ জন হিন্দু, ১৮ জন বৌদ্ধ, ১৪৫ জন খ্রিস্টান ও অন্যান্য ৩৫ জন রয়েছে।